গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২৮.১৭.

তারিখ: অগ্রহায়ণ ১৪২৯ / নভেম্বর ২০২২

# অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ ফরহাদ হোসেন, টেলিপ্রিন্টার অপারেটর-কে অত্র অধিদপ্তরের ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.১৯.০০১.২১.৭৪৩ সংখ্যক পত্রের মাধ্যমে সরকারি কাজের স্বার্থে নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার বদলি/পদায়ন করা হয় এবং ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত মর্মে উল্লেখ থাকলেও নতুন কর্মস্থল নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজারে যথাসময়ে যোগদান না করায় সরকারি কাজের বিঘ্ন সৃষ্টি হওয়ায় এ অধিদপ্তরের ২১ মার্চ ২০২২ তারিখে ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২৮.১৭.১৭৬৮ সংখ্যক পত্রের মাধ্যমে বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, উক্ত নির্দেশের প্রেক্ষিতে আপনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করায় এ অধিদপ্তরের ১০ এপ্রিল ২০২২ তারিখে ২৩.০৯.০০০০.১২৭.১৯.০০১.২২.২১৮৮ সংখ্যক পত্রের মাধ্যমে ৭(সাত) কর্মদিবসের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য পুনরায় আপনার ব্যক্তিগত ই-মেইল: kamranga304@gmail.com এবং ডাকযোগে রেজিঃ/এডি করে আপনার স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয়। যা আপনি ২২-০৪-২০২২ তারিখে গ্রহণ করেও যোগদান না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

৩। যেহেতু, আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য বারবার পত্র দেয়া সত্ত্বেও আপনি কর্মস্থলে যোগদান না করায় এ অধিদপ্তরের ১৬ মে ২০২২ তারিখের ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২৮.১৭.২৮৮৫ সংখ্যক পত্রের মাধ্যমে কারণ দর্শানোর নোটিশ আপনার ব্যক্তিগত ই-মেইল: kamranga304@gmail.com এবং ডাকযোগে রেজিঃ/এডি করে আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়; যা আপনি ২৩-০৫-২০২২ তারিখে গ্রহণ করে যথাসময়ে কোনো প্রকার জবাব পেশ করেননি; এবং

৪। যেহেতু, আপনি কর্তৃপক্ষের আদেশ বারবার অমান্য করে কোনোরূপ যোগাযোগ ব্যতিরেকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) (গ) বিধিমতে ''অসদাচরণ ও পলায়ন'' এর দায়ে বিভাগীয় মামলা (২/২০২২) রুজু করা হয়; এবং

৫। যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলায় (২/২০২২) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) (গ) বিধিমতে ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর অভিযোগে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে ''চাকরি হতে বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোনো উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হয় এবং আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলেও আপনি উক্ত অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী ২৮-০৬-২০২২ তারিখে প্রাপ্তি স্বীকার সত্ত্বেও নির্ধারিত সময়ে কোনো প্রকার জবাব দেননি বা কর্তৃপক্ষেরর সাথে যোগাযোগ করার প্রয়োজন মনে করেননি; এবং

৬। যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলার (২/২০২২) অভিযোগনামা ও অভিযোগ বিবররণীর জবাব প্রদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৩) ধারায় ন্যায় বিচারের স্বার্থে জনাব মহাঃ আছাদুর রহমান, উপপরিচালক (চলতি দায়িত্ব), জলবায়ু মহাশাখা, সদর দপ্তর, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৭। যেহেতু, তদন্ত কর্মকর্তা জনাব মহাঃ আছাদুর রহমান, উপপরিচালক (চলতি দায়িত্ব) গত ০৭-০৯-২০২২ তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় তাঁর অফিস কক্ষে বিভাগীয় মামলাল তদন্ত/শুনানির দিন ধার্য করে আপনার ব্যক্তিগত ই-মেইল: kamranga304@gmail.com এবং ডাকযোগে রেজিঃ/এডি করে পত্র প্রেরণ করেন; যা আপনি ২৯-০৮-২০২২ তারিখ গ্রহণ করেও বিভাগীয় মামলার শুনানিতে অংশগ্রহণ না করে অনুপস্থিত থাকেন এবং আপনার অনুপস্থিতিতে বিধি মোতাবেক তদন্ত কার্যক্রম পরিচালিত হয়; এবং

৮। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী বারবার তাগিদ দেয়া সত্ত্বে পত্র গ্রহণ করেও কর্মস্থলে যোগদান করছেন না বা স্ব-শরীরে যোগাযোগ করছেন না বিধায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) (গ) বিধি মতে ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর অভিযোগ প্রমাণিত হয়; এবং

৯। যেহেতু, নথি-পত্র পর্যালোচনা এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) (গ) ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এই অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

১০। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) (গ) ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদন্ড আরোপের গ্রহণক্রমে বিধি ৭(৯) অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়; এবং

১১। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর স্থায়ী ঠিকানায় গত ০৩ অক্টোবর ২০২২ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ই-মেইল: kamranga304@gmail.com এবং ডাকযোগে রেজিঃ/এডি করে পত্র প্রেরণ করা হয়; যা তিনি ১৬-১০-২০২২ তারিখে প্রাপ্তি স্বীকার করা সত্ত্বেও নির্ধারিত সময়ে কোনো প্রকার জবাব দেননি বা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার প্রয়োজন মনে করেননি বিধায় গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

১২। সেহেতু, জনাব মোঃ ফরহাদ হোসেন, টেলিপ্রিন্টার অপারেটর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বর্ণিত ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) অনুযায়ী আপনাকে এ অধিদপ্তরের ''চাকরি হতে বরখাস্ত'' করা হলো।

১৩। এ আদেশ অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮ ফেব্রুয়ারি ২০২২ থেকে কার্যকর হবে।

স্বাঃ/-
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪৮১১২৪৫৬

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২৮.১৭. ৭২৭২

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৯ / ২২ নভেম্বর ২০২২

**অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি:**

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৩। উপপরিচালক, আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম।
৪। উপপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নির্ভরশীল আবহাওয়া কার্যালয়, কক্সবাজার।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, ফরিদপুর।
৭। ক্যাশ/বাজেট/পেনশন/নিরাপত্তা/কেন্দ্রীয় ভান্ডার/সাধারণ প্রশাসন শাখা, সদর দপ্তর, ঢাকা।
৮। জনাব মোঃ ফরহাদ হোসেন, টেলিপ্রিন্টার অপারেটর, পিতা- মোঃ জামির হোসেন, গ্রাম- নলগাঙ্গা ওয়ার্ড- ৩ নং রায়পুর, ডাকঘর- রায়পুর (৭৪৭০), উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর
ই-মেইল: kamranga304@gmail.com (রেজিঃ/এডি)

22/11/22
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক



D\HELAL\ Nikosh – 4 ( 975 )